বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা- ১০০০

পত্র নং: বাঃ স্কাঃ (স্পেশাল ইভেঃ)/৫৪৮(৮২০)/২০২৩

তারিখ ঃ ০৯ আশ্বিন, ১৪৩০ / ২৪ সেপ্টেম্বর, ২০২৩

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

বিষয়: স্পেশাল ইভেন্টস বিভাগের পরিচালনায় জেলা ও অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন সম্পর্কিত।

জনাব,

বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগের পরিচালনায় জাতীয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা- ২০২৪ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য কাব স্কাউট ও স্কাউটদের জেলা ও অঞ্চল পর্যায়ে এবং রোভার স্কাউটদের রোভার অঞ্চলের ৮টি বিভাগে অনুষ্ঠিতব্য আঞ্চলিক প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। অতঃপর জাতীয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে চূড়ান্ত মূল্যায়ন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে অনুষ্ঠিত হবে।

২। জেলা স্কাউটস কর্তৃপক্ষ জেলা পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন করে বিষয়ভিত্তিক ১ম, ২য়, ও ৩য় স্থান অধিকারী কাব স্কাউট ও স্কাউটের নামের তালিকা আগামী ২৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক সদর দফতরে প্রেরণ করবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় প্রতিটি ইভেন্টে জেলার আওতাধীন সকল উপজেলা হতে কমপক্ষে ১ জন অংশগ্রহণকারী নিশ্চিত করতে হবে।

৩। আঞ্চলিক স্কাউটস কর্তৃপক্ষ অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন করে বিষয়ভিত্তিক ১ম, ২য়, ও ৩য় স্থান অধিকারী প্রতিযোগীদের নামের তালিকা আগামী ১০ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। উল্লেখ্য যে, অঞ্চল পর্যায়ে অনুষ্ঠিত বিষয়ভিত্তিক প্রতিযোগিতায় শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী প্রতিযোগিকে জাতীয় পর্যায়ে অনুষ্ঠেয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে। রোভার অঞ্চলের ক্ষেত্রে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় ১ম ও ২য় স্থান অধিকারীগণকে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

৪। জেলা, অঞ্চল ও জাতীয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণ নিম্নরুপ বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে।

| ক্রম | কাব স্কাউট | স্কাউট | রোভার স্কাউট |
|---|---|---|---|
| ১. | সংগীত (রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, পল্লীগীতি, লোকগীতি, দেশাত্বাবোধক গান) | সংগীত (রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, পল্লীগীতি, লোকগীতি, দেশাত্ববোধক গান) | সংগীত (রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, পল্লীগীতি, লোকগীতি, দেশাত্ববোধক গান) |
| ২. | নৃত্য (সাধারণ) | নৃত্য (সাধারণ) | নৃত্য (উচ্চাঙ্গ) |
| ৩. | কেরাত | কেরাত | কেরাত |
| ৪. | আবৃত্তি (ছড়া/কবিতা) | আবৃত্তি (কবিতা) | আবৃত্তি (কবিতা) |
| ৫. | আজান | আজান | মুকাভিনয় |
| ৬. | বাংলা ভাষায় উপস্থাপনা | বাংলা ভাষায় উপস্থাপনা | বাংলা ভাষায় উপস্থাপনা |
| ৭. | | যন্ত্র সংগীত | যন্ত্র সংগীত |
| ৮. | | লগো ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) | লগো ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) |
| ৯. | | ব্যাজ ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) | ব্যাজ ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) |
| ১০. | | পোষ্টার ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) | পোষ্টার ডিজাইন প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) |
| ১১. | | | প্রোমো ভিডিও তৈরী প্রতিযোগিতা (অনলাইনে সাবমিট করতে হবে) |

চলমান পাতা- ২

৫। জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারীদের জন্য সনদ এবং প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য নির্ধারিত পুরস্কার ও সনদপত্র জাতীয় সদর দফতর থেকে প্রদান করা হবে।

৬। উল্লেখ্য, প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় উপজেলা, জেলা, অঞ্চল এবং রোভার অঞ্চলের ক্ষেত্রে ৮টি বিভাগের আওতাধীন সকল জেলার অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। জেলা ও আঞ্চলিক প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণ ব্যতীত কেউ জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

৭। জেলা ও অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য স্পেশাল ইভেন্টস বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশিকা (সংযুক্তি-ক) অনুসরণ করতে হবে।

৮। এমতাবস্থায় ১০ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে জেলা ও আঞ্চলিক প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করে বিষয় ভিত্তিক ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর নামের তালিকা জাতীয় সদর দফতরে প্রেরণে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করি।

২৪/৯/২৩

(এ এইচ এম মুহসিনুল ইসলাম)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস

<u>সংযুক্তি:</u> জেলা ও অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা।

<u>বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:</u>
(১) আঞ্চলিক উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
(২) আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
(৩) উপ-পরিচালক (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস;
(৪) সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
(৫) উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
(৬) সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

<u>সদয় জ্ঞাতার্থে:</u>
(১) প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
(২) জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
(৩) জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
(৪) জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ও জেলা রোভার;
(৫) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

# বাংলাদেশ স্কাউটস

## স্পেশাল ইভেন্টস বিভাগ

### জেলা ও অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজনের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা

| | |
|---|---|
| ১. | অংশগ্রহণের ক্ষেত্রে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট শাখায় প্রতিযোগীদের জন্য ন্যূনতম যোগ্যতা সদস্য স্তর এবং সকলের বাংলাদেশ স্কাউটস এর সদস্য পরিচিতি নম্বর (বিএসআইডি) থাকতে হবে। |
| ২. | প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। |
| ৩. | ইতোপূর্বে জাতীয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে কোন ইভেন্টে ১ম, ২য়, ৩য় স্থান অর্জনকারী কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট সেই শাখায় উক্ত ইভেন্টে পুনরায় অংশগ্রহণ করতে পারবে না। |
| ৪. | জেলা বা অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পিতা-মাতা বা অভিভাবক এবং ইউনিট লিডার বাছাই কমিটির সদস্য বা বিচারক হতে পারবেন না। |
| ৫. | লগো, ব্যাজ ও পোষ্টার ডিজাইন ও প্রোমো ভিডিও তৈরী প্রতিযোগিতায় নিম্নবর্ণিত লিংক ব্যবহার করে ১০ নভেম্বর, ২০২৩ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে প্রতিযোগীগণকে তাদের তৈরীকৃত লগো, ব্যাজ, পোষ্টার ও প্রোমো ভিডিও অনলাইনে আপলোড করতে হবে। উল্লেখ্য বিগত বছরে অংশগ্রহণকারীগণের মধ্যে যারা জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছে তাদের পুনরায় অংশগ্রহণ করার প্রয়োজন নাই। প্রাথমিকভাবে নির্বাচিতদের মুঠোফোনে অবহিত করা হবে।<br>লিংক: https://forms.gle/CULKyS5zNEBvLkms9 |
| ৬. | ক) জেলা পর্যায়ে প্রতিভা অন্বেষণ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি বাস্তবায়ন কমিটি থাকবে:<br>(১) জেলা স্কাউটস এর সভাপতি: আহবায়ক<br>(২) জেলা শিক্ষা অফিসার: সদস্য<br>(৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: সদস্য<br>(৪) জেলা সহকারি কমিশনার (স্পেশাল ইভেন্টস): সদস্য<br>(৫) জেলার দায়িত্বে নিয়োজিত প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ: সদস্য<br>(৬) জেলা স্কাউট লিডার: সদস্য<br>(৭) জেলা কাব লিডার: সদস্য<br>(৮) জেলা রোভার লিডার: সদস্য<br>(৮) জেলা সম্পাদক: সদস্য সচিব<br>* জেলা রোভার এর কমিটি গঠনের ক্ষেত্রে ২,৩,৬,৭ নং ক্রমিকের সদস্য প্রযোজ্য হবে না। |
| | খ) অঞ্চল পর্যায়ে প্রতিভা অন্বেষণ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি বাস্তবায়ন কমিটি থাকবে:<br>(১) আঞ্চলিক স্কউটস এর সভাপতি: আহবায়ক<br>(২) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা: সদস্য<br>(৩) উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা: সদস্য<br>(৪) আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস): সদস্য<br>(৫) আঞ্চলিক সম্পাদক: সদস্য<br>(৬) আঞ্চলিক কমিশনার কর্তৃক মনোনিত ব্যক্তি (১ জন): সদস্য<br>(৭) অঞ্চলের দায়িত্বে নিয়োজিত প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ: সদস্য সচিব |
| | গ) রোভার অঞ্চলের ক্ষেত্রে বিভাগীয় পর্যায়ে প্রতিভা অন্বেষণ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি বাস্তবায়ন কমিটি থাকবে:<br>(১) বিভগীয় রোভার নেতা প্রতিনিধি: আহবায়ক<br>(২) সংশ্লিষ্ট বিভাগের সহযোজিত সদস্য, রোভার অঞ্চল : সদস্য<br>(৩) আঞ্চলিক কমিশনার কর্তৃক মনোনীত ব্যক্তি (১ জন): সদস্য<br>(৪) স্বাগতিক জেলা রোভার কমিশনার: সদস্য<br>(৫) স্বাগতিক জেলা রোভার সম্পাদক: সদস্য সচিব |
| ৭. | বর্ণিত কমিটিসমূহ প্রয়োজনে অতিরিক্ত ২ (দুই) জন সদস্য কো-অপ্ট করতে পারবে। বাস্তবায়ন কমিটি অঞ্চল ও জেলা পর্যায়ে প্রতিযোগিতায় মূল্যায়নের জন্য তিন সদস্য বিশিষ্ট বিষয়ভিত্তিক মূল্যায়ন টীম গঠন করবে। প্রতিটি বিষয়ভিত্তিক মূল্যায়ন টীমে কমপক্ষে ২ (দুই) জন বিশেষজ্ঞ বিচারক আবশ্যিকভাবে থাকতে হবে। |
| ৮. | জেলা কাব লিডারগণ কাব শাখা এবং জেলা স্কাউট লিডারগণ স্কাউট শাখা ও জেলা রোভার লিডারগণ রোভার শাখার প্রতিযোগীদের সার্বিক বিষয়ে নিজ জেলার সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন। |

২৪/১০/২৩
এস.এম. জাহির-উল-আলম
উপ পরিচালক (স্পেশাল ইভেন্টস)
বাংলাদেশ স্কাউটস

২৪/১০/২৩
এ.এইচ.এম. মুহসিনুল ইসলাম
পরিচালক (সংগঠন)
বাংলাদেশ স্কাউটস

২৪/১০/২৩
(মোঃ ফসিউল্লাহ্)
জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস)
বাংলাদেশ স্কাউটস